LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ৬ই আগস্ট **২০১৭ ইং**

বিশ্ববাজারে বাড়ল খাদ্যপণ্যের দাম

বছরের শুরুতে নিম্নমুখী থাকলেও বিশ্ববাজারে আবারও উর্ধ্বমুখী হতে শুরু করেছে খাদ্যপণ্যের দাম। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সর্বশেষ প্রতিবেদনে বলা হয়, জুলাই মাসে বিশ্ববাজারে সার্বিক খাদ্যপণ্যের দাম বেড়েছে ২.৩ শতাংশ। এর ফলে টানা তৃতীয় মাস বাড়ল। জুনে বেড়েছিল ৪.২ শতাংশ এবং মে মাসে ২.২ শতাংশ। এফএও জানায়, জুলাই মাসের এ দাম এক বছর আগের একই সময়ের চেয়ে ১০.২ শতাংশ বেশি। ২০১৫ সালের জানুয়ারির পর থেকে এটি সর্বোচ্চ দাম। বিশ্ববাজারে খাদ্যপণ্যের সরবরাহ কমার পাশাপাশি মুদ্রাবাজারের অস্থিরতায় চিনি, দুগ্ধপণ্যসহ বেশির ভাগ খাদ্যশস্যের দাম বেড়েছে, কমেছে ভোজ্য তেলের দাম। তবে মাংসের দাম আগের অবস্থায় রয়েছে। http://www.kalerkantho.com

চট্টগ্রাম কাস্টমসে অর্ধেক রাজস্ব দিয়েছে ১০০ প্রতিষ্ঠান

চট্টগ্রাম কাস্টমসে মোট রাজস্ব আয়ের অর্ধেকই দিয়েছে সরকারি-বেসরকারি খাতের এক শ আমদানিকারক প্রতিষ্ঠান। এই আমদানিকারকদের মধ্যে সবচেয়ে বেশি রাজস্ব দিয়েছে রাষ্ট্রায়ত্ত জ্বালানি তেল বিপণনকারী প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম। আর বেসরকারি খাতে গ্রুপভিত্তিক সবচেয়ে বেশি রাজস্ব দিয়েছে আবুল খায়ের গ্রুপ। আর এককভাবে শীর্ষ রাজস্ব দিয়েছে বেসরকারি খাতের চিনি পরিশোধনকারী কারখানা আবদুল মোনেম সুগার রিফাইনারি।http://www.kalerkantho.com

বিমসটেককে আরো সক্রিয় করার উদ্যোগ আসছে

সন্ত্রাসবাদসহ বিভিন্ন ইস্যুতে পাকিস্তানের সঙ্গে প্রতিবেশী দেশগুলোর বিরোধে স্থবির হয়ে আছে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থার (সার্ক) কার্যক্রম। এ অবস্থায় পাকিস্তান নেই এমন আঞ্চলিক ফোরাম ‘বে অব বেঙ্গল ইনিশিয়েটিভস ফর মাল্টি-সেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশনকে (বিমসটেক) আরো সক্রিয় করার উদ্যোগ নেওয়া হচ্ছে। তারই অংশ হিসেবে ১১ আগস্ট নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে বসছে বিমসটেকের সদস্য সাত দেশ বাংলাদেশ, ভারত, ভুটান, মিয়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড। সেখানেই এ জোটের শীর্ষ সম্মেলনের তারিখ নির্ধারণের কথা রয়েছে। এ ছাড়া শীর্ষ সম্মেলনে সই করার জন্য বিমসটেক গ্রিড আন্ত সংযোগসহ কয়েকটি চুক্তি চূড়ান্ত হওয়ার কথা রয়েছে ওই বৈঠকে।http://www.kalerkantho.com

আমানত বৃদ্ধি ১ লাখ কোটি সুদ হ্রাস ৩ হাজার কোটি

২০১৬ সালে ব্যাংকিং খাতে আমানত বেড়েছে প্রায় ১৩ শতাংশ। ২০১৫ সালে ৮ লাখ ৩ হাজার ২০০ কোটি টাকার আমানত থাকলেও গত বছর তা বেড়ে দাঁড়ায় ৯ লাখ ৬ হাজার ১৯০ কোটি টাকায়। এক বছরে ব্যাংক আমানত ১ লাখ কোটি টাকার বেশি বাড়লেও এ বাবদ সুদ ব্যয় বাড়েনি ব্যাংকগুলোর। উল্টো ৩ হাজার কোটি টাকার বেশি কমেছে।মূলত আমানতের সুদহার সর্বনিম্নে নামিয়ে এনেই গত বছর মুনাফা প্রবৃদ্ধি করেছে ব্যাংকগুলো। বাংলাদেশ ব্যাংকের ফিন্যান্সিয়াল স্ট্যাবিলিটি রিপোর্ট-২০১৬ এর তথ্য অনুযায়ী, ২০১৫ সালের তুলনায় গত বছর ব্যাংকগুলোর আয় বেড়েছে ৩ হাজার ৭২০ কোটি টাকা। এর মধ্যে ৩ হাজার ১০ কোটি টাকাই এসেছে গ্রাহকদের আমানতের সুদ কমিয়ে।http://bonikbarta.net

বিশ্বে কমলেও বাংলাদেশে বেড়েছে রেকিট বেনকিজারের ব্যবসা

মূলত সাইবার হামলার কারণে সর্বশেষ প্রান্তিকে আন্তর্জাতিক বাজারে ব্যবসা কিছুটা ব্যাহত হয় বহুজাতিক কোম্পানি রেকিট বেনকিজারের। নিজস্ব ওয়েবসাইট বন্ধ থাকায় অর্ডার-সংক্রান্ত জটিলতায় চলতি বছরের প্রথমার্ধে আন্তর্জাতিক বাজারে গ্রুপটির নিট বিক্রি আগের বছরের একই সময়ের তুলনায় ১ শতাংশ কমে গেছে। তবে বাংলাদেশের বাজারে এ সময়ে তাদের ব্যবসা প্রায় ৭ শতাংশ বেড়েছে। মূল কোম্পানির ওয়েবসাইট ও রেকিট বেনকিজার (বাংলাদেশ) লিমিটেডের সর্বশেষ অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে এ চিত্র উঠে আসে।http://bonikbarta.net

মোট আমদানির ৬০% ১০ পণ্যের

চট্টগ্রাম বন্দর দিয়ে ২০১৬-১৭ অর্থবছরে পণ্য আমদানি হয়েছে মোট সাড়ে চার হাজার ধরনের। সব মিলে গত অর্থবছর পণ্যগুলোর মোট আমদানি দাঁড়িয়েছে ৬ কোটি ১ লাখ টনের বেশি। এর মধ্যে শীর্ষ ১০ পণ্যেরই মোট আমদানির পরিমাণ দাঁড়িয়েছে ৩ কোটি ৫৪ লাখ টনে। অর্থাত্ গত অর্থবছরে চট্টগ্রাম বন্দর দিয়ে আসা মোট আমদানি পণ্যে শীর্ষ ১০টির সম্মিলিত অংশ রয়েছে প্রায় ৬০ শতাংশ।জানা গেছে, সদ্য সমাপ্ত ২০১৬-১৭ অর্থবছরে চট্টগ্রাম বন্দরে খালাস হওয়া পণ্যের পরিমাণ ৬ কোটি ১ লাখ ৫৪ হাজার টন, যার মোট মূল্য ২ লাখ ৩২ হাজার কোটি টাকা। এসব পণ্যের মধ্যে আমদানির দিক থেকে শীর্ষ ১০ পণ্য হলো— সিমেন্ট তৈরির কাঁচামাল, গম, হাই স্পিড ডিজেল, পাথর (ক্রুসিড স্টোন), স্ক্র্যাপ ভেসেল, ফার্নেস অয়েল, স্ক্র্যাপ ও পেট্রোলিয়াম অয়েল আমদানি হয়েছে ৩ কোটি ৫৪ লাখ ৪ হাজার টন, যা মোট আমদানির প্রায় ৬০ শতাংশ। এসব পণ্যের মোট আমদানি মূল্য ৪৬ হাজার ৭০৭ কোটি টাকা। পণ্য ১০টি থেকে সরকারের রাজস্ব আহরণ হয়েছে ৭ হাজার ৩৪৯ কোটি টাকা।http://bonikbarta.net

জাতিসংঘের অর্থনৈতিক নিষেধাজ্ঞার মুখে উ. কোরিয়া

নিষেধাজ্ঞা, হুঁশিয়ারি সত্ত্বেও ক্ষেপণাস্ত্র পরীক্ষা বন্ধ না করে উপরন্তু এক্ষেত্রে বেপরোয়া ভাব বজায় রেখেছে উত্তর কোরিয়া। এ অবস্থায় যুক্তরাষ্ট্র ও চীনকে সঙ্গে নিয়ে দেশটির ওপর কঠিন অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্ত নিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। নতুন নিষেধাজ্ঞা কার্যকর হলে কয়লা, লোহা, সিসা ও সামুদ্রিক খাবার রফতানি করতে পারবে না উত্তর কোরিয়া। এর ফলে বার্ষিক ১০০ কোটি ডলার রাজস্ব থেকে বঞ্চিত হবে পিয়ংইয়ং। খবর এএফপি ও ব্লুমবার্গ।উত্তর কোরিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞা নিয়ে একটি খসড়া রেজল্যুশন তৈরি করেছে যুক্তরাষ্ট্র। http://bonikbarta.net

জুলাইয়ে ২ লাখ কর্মসংস্থান সৃষ্টি মার্কিন অর্থনীতিতে

চলতি বছর জুলাইয়ে কর্মসংস্থান বৃদ্ধিতে শক্তিশালী অবস্থা দেখেছে মার্কিন অর্থনীতি। সেবা খাতে উল্লেখযোগ্য কর্মী নিয়োগের ফল হিসেবে মার্কিন অর্থনীতি তরঙ্গায়িত হয়েছে। খবর বিবিসি।জুলাইয়ে ২ লাখ ৯ হাজার নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। নতুন কর্মসংস্থানের সংখ্যা প্রত্যাশা ছাড়িয়ে গেছে বলে জানিয়েছে ব্যুরো অব লেবার স্ট্যাটিস্টিকস।কর্মসংস্থান বৃদ্ধির ফলে বেকারত্বের হার নিম্নমুখী হয়ে ৪ দশমিক ৩ শতাংশে পৌঁছেছে। খাদ্য ও পানীয় সেবা খাতে নতুন নিয়োগ হয়েছে ৫৩ হাজার। ২০১৬-এর জুলাই থেকে এখন পর্যন্ত এ খাতে ৩ লাখ ১৩ হাজার কর্মী যুক্ত হয়েছেন।http://bonikbarta.net

আমদানি কমায় দাম বাড়ছে পেঁয়াজের

চলতি বছর ভারতের বিভিন্ন প্রদেশে অতিবৃষ্টির কারণে বন্যা দেখা দিয়েছে। এর জের ধরে দেশটিতে পেঁয়াজ উৎপাদন ব্যাহত হয়েছে। কমে গেছে পণ্যটির রফতানিও। আবহাওয়াজনিত কারণে এ বছর দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে ভারত থেকে পেঁয়াজ আমদানি অন্যান্য বছরের তুলনায় কমেছে। সব মিলে দেশের বাজারে পেঁয়াজের সরবরাহ সংকট দেখা দিয়েছে। এ কারণে স্থানীয় পাইকারি বাজারে ভারত থেকে আমদানি করা পেঁয়াজের দাম বেড়েছে প্রতি কেজিতে ১০ টাকা। অন্যদিকে খুচরা পর্যায়ে পণ্যটির দাম বেড়েছে কেজিপ্রতি ২-৬ টাকা। চাহিদা থাকা সত্ত্বেও আমদানি কমায় আগামী দিনগুলোতেও দেশের বাজারে পেঁয়াজের দাম আরো বাড়তে পারে বলে জানিয়েছেন পণ্যটির আমদানিকারক ও ব্যবসায়ীরা।http://bonikbarta.net